



আপনার স্বাগত চিঠিটি সংগ্রহ করুন এবং একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করুন

প্রিয় পরিবারবর্গ,

এই শীতে মিডল্ স্কুলে আবেদন করছেন? ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এবং চার্টার স্কুল সহ যেসকল পরিবারে বর্তমান পঞ্চম গ্রেডের পাবলিক স্কুল শিক্ষার্থী রয়েছে, তাদের স্বাগত চিঠি এখন ডাকযোগে প্রেরণ করা হয়েছে। এই চিঠিতে মিডল্ স্কুলে ভর্তি সম্পর্কে একটি উপরিচিত্র রয়েছে, এতে আরও অন্তর্ভুক্ত হয়েছে DOE-এর অনলাইন স্কুল ডিরেক্টরি ও আবেদন পদ্ধতি - [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) -এ কীভাবে একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে এবং ব্যবহার করতে হবে। আপনার সন্তানের স্বাগত চিঠিতে তার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির অনন্য কোড থাকবে।

মিডল্ স্কুলে আবেদন এখনও উন্মুক্ত হয়নি, কিন্তু মাইস্কুলস্ ব্যবহার করে স্কুলসমূহ এবং পছন্দের প্রোগ্রামগুলো অন্বেষণ করতে পারেন; অতঃপর যখন আবেদন উন্মুক্ত হবে, তখন আবেদন করতেও আপনি মাইস্কুলস্ ব্যবহার করবেন। আবেদন গ্রহণ 26 অক্টোবর শুরু হবে এবং 1 ডিসেম্বর শেষ হবে।

আপনার অ্যাকাউন্ট তৈরি করতে সহায়তা প্রয়োজন?

[কীভাবে মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি অথবা ব্যবহার করতে হবে](#) ভিডিওটি দেখুন, যা আপনাকে প্রক্রিয়াটি ধাপে ধাপে ব্যাখ্যা করবে।

আরও সহায়তা এবং/অথবা আপনার স্বাগত চিঠির একটি কপি প্রয়োজন?

- আপনার সন্তানের বর্তমান পাবলিক স্কুল কাউন্সিলারের সাথে আলাপ করুন। ভর্তি প্রক্রিয়ার পুরো সময় জুড়ে তিনি হবেন আপনার প্রধান যোগাযোগের ব্যক্তি। আপনার সন্তানের পাবলিক স্কুল আপনার স্বাগত চিঠির একটি কপি প্রদান করতে পারে এবং আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে সহায়তা করতে পারে।
- যদি আপনার সন্তান কোনও প্রাইভেট অথবা প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুলে পড়াশোনা করছে, তবে একটি স্বাগত চিঠির জন্য একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) কাছে অনুরোধ করুন।

আমাদের ওয়েবসাইট, schools.nyc.gov/Middle -এ, মিডল্ স্কুলে ভর্তি বা অ্যাডমিশন সম্পর্কে আরো জানতে এবং আমাদের তালিকাভুক্ত ভিডিওগুলো দেখতে পারেন।

শুভেচ্ছান্তে,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

মিডল্ স্কুল অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।